

বাউবি



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
গাজীপুর-১৭০৫

BOU

বাউবি/প্রশা-৯(২৭৬)/২০১৭/২৬

তারিখ : ০২/০১/২০১৯ ইং

পুরাতন গাড়ী/মালামাল বিক্রয়ের উন্মুক্ত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর পুরাতন ০২টি গাড়ী উন্মুক্ত নিলাম দরপত্রের মাধ্যমে 'যেখানে যে অবস্থায় আছে' সে অবস্থায় বিক্রয়ের জন্য অত্র বিজ্ঞপ্তির শর্তানুযায়ী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সাথে জামানত বাবদ 'বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর'-এর অনুকূলে উদ্ধৃত মূল্যের ২৫% (পঁচিশ) টাকা নিরাপত্তা জামানত (তফসিলি ব্যাংক থেকে গৃহীত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট আকারে) সংযুক্ত করতে হবে, অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। আগ্রহী দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান প্রয়োজনে বাউবির গাজীপুরস্থ প্রধান কার্যালয় রক্ষিত পুরাতন গাড়ীসমূহ পরিদর্শন করতে পারবেন।

বাউবির পুরাতন গাড়ীসমূহের বিবরণ (পুন: দরপত্র)

ক্রমিক	গাড়ী নং	গাড়ীর ধরন	ক্রয়ের সন	গাড়ী নির্মাতা	ইঞ্জিনের ধরণ	গাড়ী পরিদর্শনের স্থান	দরপত্র জমাদানের স্থান
০১.	ঢাকা মেট্রো ৮ ০৬ ০১৫	বাস	১৯৯৫	সিত্তানিগি, জাপান	পেট্রোল/ সিএনজি	বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।	ট্রেজারার দপ্তর, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।
০২.	ঢাকা মেট্রো ৮ ০২ ২১৬	জীপ	১৯৯৩	টয়োটা, জাপান	পেট্রোল/ সিএনজি		

অফেরৎযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার বিনিময়ে এতদসংক্রান্ত দরপত্র সিডিউল বাউবির অর্থ ও হিসাব বিভাগের ক্যাশ শাখা হতে সংগ্রহ করা যাবে। দরপত্র সিডিউল ২০/০১/২০১৯ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। বর্ণিত গাড়ীসমূহের বিস্তারিত বিবরণ সিডিউলে পাওয়া যাবে।

দরপত্রসমূহ ছকে বর্ণিত ঠিকানায় রক্ষিত দরপত্র বাঞ্ছা আগামী ২১/০১/২০১৯ তারিখ দুপুর ০২:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং একই দিন ০২:১৫ মিনিটে দাখিল/গ্রহণের স্থানে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

সকল দরদাতাকে কার্যাদেশ/বিক্রয়াদেশ পাওয়ার ১০ (দশ) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ ও সরকারী আইন/বিধি মোতাবেক নিলাম পণ্যের ক্ষেতাকে উৎসে কর, আয়কর ও ভ্যাট প্রদান পূর্বক গাড়ী অপসারণের কাজ শুরু করতে হবে এবং ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সমাপ্ত করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত পূর্বক দরপত্র বাতিল করা হবে। গাড়ীর মালিকানা হস্তান্তর ফি ও যাবতীয় কর/বকেয়া করসহ (যদি থাকে) সমুদয় ব্যয় ক্রেতা বহন করবেন। দরপত্রের মেয়াদ ১২০ (এক শত বিশ) দিন বহাল থাকবে।

ছকে বর্ণিত প্রতিটি গাড়ীর জন্য পৃথক পৃথক দর দাখিল করতে হবে। তবে জামানত পৃথক পৃথকভাবে অথবা একত্রেভাবে দেয়া যাবে। একজন দরদাতা/একটি প্রতিষ্ঠান গাড়ীর সিডিউল ক্রয় করত: সকল গাড়ী অথবা একটি গাড়ীর জন্য দর দাখিল করতে পারবেন।

বাউবিতে কর্মরত কোন ব্যক্তি নামে/বেনামে নিলামে অংশগ্রহণ করতে পারবেন না। বাউবি কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর বিভিন্ন
প্রোগ্রামের ভর্তির তথ্যের জন্য বাউবির
ওয়েবসাইট www.bou.edu.bd দেখুন।

(মোঃ মাহবুব উল ইসলাম)

উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

সংগ্রহ শাখা, প্রশাসন বিভাগ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

ফোন ৪ ৯২৯১১০১-৪/৪২৯।

Email: ddprocurement@bou.edu.bd

৭০৪৪

২/০১/১৯